গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
বরগুনা।
https://cs.barguna.gov.bd/

স্মারক নং- সি,এস/বর/২০২৪/৩৯০ তারিখ- ১১/০৩/২০২৪ খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১৭/৯৬-১১৯ তারিখ-১৫/০১/২০২৪ খ্রিঃ মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, বরগুনা ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের রাজস্বখাতের অন্তর্ভুক্ত ১১-১৭ গ্রেডভূক্ত (পূর্বতন ৩য় শ্রেণি) নিম্ন লিখিত শূন্য পদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক বরগুনা জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইন (Online) এ http://csbarguna.teletalk.com.bd দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০২ (দুই) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ গনিত/ অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।<br>গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | শুধুমাত্র বরগুনা জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৪ (চার) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।<br>গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং/ ডাটা এন্ট্রি ও টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২০ শব্দ এবং ইংরেজিতে অন্যূন ২০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ।<br>ঘ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৩ | ষ্টোর কিপার | ০২ (দুই) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে।<br>গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৪ | স্বাস্থ্য সহকারী | ৪০ (চল্লিশ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৫ | ড্রাইভার | ০২ (দুই) | গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হাল্কা/ভারী যানবাহন চালনায় হালনাগাদ বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |

### আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ

১) আগ্রহী প্রার্থীগণ http://csbarguna.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক Online এ আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।

২) নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিপালিত হবে।

৩) আবেদনকারীর বয়স ১৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহযোগ্য নয়। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমানিত হবে।

৪) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক নির্ধারিত বয়স সীমার মধ্যে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) এর মূল কপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

৫) প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্নিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্নিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় উল্লেখসহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৬) স্বাস্থ্য সহকারী পদের (ক্রমিক নং-০৪) ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের যোগ্য প্রার্থীদেরকে বিবেচনা করা হবে।

৭) স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড,ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জনের কার্যালয় এবং সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে পাওয়া যাবে।

৮) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯) প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১০) আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপ:

ক) Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৪/০৩/২০২৪ খ্রিঃ সকাল- ১০.০০ ঘটিকা হতে।

খ) Online -এ আবেদনের শেষ তারিখ ও সময় ০৪/০৪/২০২৪ খ্রিঃ বিকাল- ০৫:০০ ঘটিকা পর্যন্ত।

গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMSঝগঝ এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১১) Online - আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ১০০ Kb এর মধ্যে হতে হবে।

১২) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন।

১৩) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application preview দেখা যাবে। যদি Applicant's Copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি ও স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি,নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষন করবেন। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার-ফি বাবদ (২০০/-) টাকা ও টেলিটক সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা অফেরৎযোগ্য অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনের আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপএ কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:**

**CSBARGUNA**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CSBARGUNA ABCDEF & send to 16222

Reply sms: Applicant`s name...TK....will be charged as application fee. Your PIN is XXXXXXXXX. To pay fee type CSBARGUNA<space> YES <space> PIN and send 16222

**দ্বিতীয় SMS:**

**CSBARGUNA**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে|

Example: CSBARGUNA YES XXXXXXXXX

Reply sms: Congratulation Applicant`s name, Payment completed successfully for CSBARGUNA for Application for XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXXX).

১৪) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csbarguna.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরন করা বাঞ্চনীয়।

১৫) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শণ করবেন।

১৬) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক) User ID জানা থাকলে:
**CSBARGUNA<space>Help<space>User<space>User ID** and Send to 16222.

খ) PIN Number জানা থাকলে:
**CSBARGUNA<space>Help<space>PIN<space>PIN NO.** and Send to 16222.
Example: CSBARGUNA Help PIN 12345678.

১৭) Online এ আবেদন করতে সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk_প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে, অথবা E-mail: **barguna@cs.dghs.gov.bd** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CSBARGUNA.Post Name,Applicant`s User ID । Contact Number অবশ্য উল্লেখ করতে হবে।

১৮) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জন কার্যালয়, বরগুনা এবং সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে।

১৯) প্রাথমিকভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২০) মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সংগে আনতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র।
খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/ পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত:) নাগরিকত্ব সনদ।
গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র।
ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
চ) মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক।
ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
ঝ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র/স্মার্ট কার্ড।
ঞ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুসরন পূর্বক জেলা কমান্ডেন্ট/জেলা আনসার এ্যাডজুটেন্ট কর্তৃক প্রদত্ত কমপক্ষে ২১ দিনের মৌলিক প্রশিক্ষণ সনদপত্র।
চ) ড্রাইভার পদের ক্ষেত্রে হাল্কা/ভারী যানবাহন হালনাগাদ চালনার হালনাগাদ বৈধ ডিজিটাল ড্রাইভিং লাইসেন্স এর মূলকপি।
ছ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।
ড) ডাউনলোডকৃত Applicant`s Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

২১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়,ঢাকার স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেণি নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪ তারিখ-১১/১২/২০১৮ খ্রিঃ মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী অনলাইনে ইতোপূর্বে বর্ণিত পদের জন্য আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে এবং

তাদের বয়স পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

২২) প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৩) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৪) লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জন কার্যালয়, বরগুনা এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

২৫) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

সিভিল সার্জন, বরগুনা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

সিভিল সার্জন, বরগুনা এর টেলিটক পোর্টালের QR Code

১৫/৩/২৪

(ডাঃ মোহাম্মদ ফজলুল হক)
সিভিল সার্জন, বরগুনা
ও
সদস্য সচিব
(১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং- সি,এস/বর/প্রশা-১/২০২৪/৩৯০(১৭) তারিখ- ১১/০৩/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (প্রশাসন-১ শাখা)
০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
০৩। পরিচালক (প্রশাসন/অর্থ),স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
০৪। পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
০৫। উপসচিব(প্রশাসন-২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৬। জেলা প্রশাসক, বরগুনা।
০৭। পুলিশ সুপার, বরগুনা।
০৮। সিভিল সার্জন..............................(সকল), বরিশাল বিভাগ, বরিশাল।
০৯। ........................................................................................।
১০। উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ সরকারি কর্মকমিশন,বরিশাল।
১১। নির্বাহী প্রকৌশলী,গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/বিটিসিএল, বরগুনা।
১২। জেলা তথ্য কর্মকর্তা, জেলা তথ্য অফিস, বরগুনা।
১৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অফিস,বরগুনা/জেলা যুব উন্নয়ন অধিদপ্তর,বরগুনা/জেলা সমাজ সেবা অধিদপ্তর,বরগুনা।
১৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা.................................. (সকল), বরগুনা।
১৫।..........................................................কর্মকর্তা, বরগুনা।
১৬। ডিষ্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বরগুনা।
১৭। ..........................................................................................................।
১৮। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
১৯। সংশ্লিষ্ট নথি।

১৫/৩/২৪

(ডাঃ মোহাম্মদ ফজলুল হক)
সিভিল সার্জন, বরগুনা
ও
সদস্য সচিব
(১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি।